প্রথম আলো
তারিখ 26 NOV 2008
পৃষ্ঠা ৫ কলাম ৫

# শিক্ষার্থীদের উপবৃত্তির টাক কেটে নেওয়ার অভিযোগ

রিষাবাড়ী প্রতিনিধি ● জামালপুর

জামালপুরের সরিষাবাড়ী উপজেলার ঠিরহাট উচ্চবিদ্যালয়ের শিক্ষকের বরুদ্ধে ১৮ শিক্ষার্থীর উপবৃত্তির টাকা কেটে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। ই শিক্ষার্থী ও তাদের অভিভাবকেরা তকাল সোমবার এ অভিযোগ করেন।

ষষ্ঠ শ্রেণীর শিক্ষার্থী মিনা, পাখি ও জমা জানায়, তাদের ছয় মাসের উপবৃত্তির ৭৮০ টাকার মধ্যে ৩৬০ টাকা রে কেটে রাখা হয়েছে। সপ্তম শ্রেণীর য়াসমিন, নিশা ও সোনালি জানায়, ২৭০ টাকা করে কাটা হয়েছে। অষ্টম শ্রেণীর শিক্ষার্থী রোমা, রুমি ও মরিয়ম জানায়, তাদের ৮১০ টাকার মধ্যে ২৯০ টাকা করে কাটা হয়েছে। নবম শ্রেণীর শিক্ষার্থী মৌসুমী ও সাবিনা জানায়, তাদের এক হাজার ৫০ টাকার মধ্যে ৫০ টাকা করে কাটা হয়েছে।

ওই শিক্ষার্থীরা অভিযোগ করে, প্রথমে তাদের ছয় মাসের উপবৃত্তির পুরো টাকাই দেওয়া হয়েছিল। পরে ওই উপবৃত্তির টাকা বণ্টনের দায়িত্বে থাকা দুই শিক্ষক মোস্তাফিজুর রহমান ও নরেশ কুমার উল্লিখিত পরিমাণ টাকা কেটে রাখেন।

মোস্তাফিজুর রহমান ও নরেশ কু জানান, শিক্ষার্থীদের যা পাওনা তারা দিয়েছেন। কোনো টাকা কে রাখেননি। বিদ্যালয়ের প্রধান শিক্ষ আবদুল বারী বলেন, 'আমরা কে টাকা কেটে রাখিনি। এক শিক্ষা অভিভাবক ইয়াসিন আলী বলে 'আমাদের মেয়েদের কাছ থে উপবৃত্তির টাকা কেটে রা শিক্ষকেরা।' উপজেলা মাধ্যা কর্মকর্তা মো. বাতেন প্রথম আলো জানান, বিষয়টি তদন্ত করে দেখা হ

—